# উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ,নীলফামারী।

তারিখ ঃ ১২ আগস্ট, ২০২১ খ্রিঃ। সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি শোকের মাসে জাতির পিঁতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারে শাহাদাৎ বরণকারী সকল সদস্যের আত্মার মাগফেরাত কামনা করে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সভা পরিচালনার দায়িত্ব নিয়ে স্বাধীনতার মহান স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের শাহাদাৎ বরণকারী সকল সদস্যের আত্মার শান্তি কামনা করে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

## আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় চলতি মৌসুমে ১৪৬৬৫ হেক্টর জমিতে রোপা আমন ধান রোপন করা হয়েছে। খরিফ-১ মৌসুমে ২৩৫ হেক্টর জমির পাট এবং ২৯৫ হেক্টর জমির আউশ ধান কর্তন করা হয়েছে। ১৫০ হেঃ জমিতে শাক-সবজি, ২৩৫ হেঃ জমিতে আঁদা ও ১০০ হেঃ জমিতে হলুদসহ অন্যান্য ফসল চাষাবাদের আওতায় আছে। সারের মজুদ সন্তোষজনক। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। বৈশ্বিক মহামারীতে দেশে অধিক ফসল উৎপাদনে আরও আন্তরিক হওয়ার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সভায় জানান যে, এ উপজেলায় করোনা আক্রান্ত হয়েছেন ১৭১ জন, সুস্থ হয়েছেন ১০১ জন, হোম আইসুলেশনে আছেন ৬০ জন, রেফাড করা হয়েছে ০৭ জন, মৃত্যু বরণ করেছেন ০৩ জন। এখন পর্যন্ত ১ম ও ২য় ডোজের টীকা প্রদান করা হয়েছে ২২৩৩৮ জনকে। গত ০৭/০৮/২১ তারিখে ইউনিয়ন পর্যায়ে কোভিড-১৯ এর টীকা দেয়া হয়েছে ৫৩৭০ জনকে। তিনি পরবর্তী টীকা দেয়ার জন্য সকলকে রেজিষ্ট্রেশন করার জন্য পরামর্শ প্রদানে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য প্রচার প্রচারণা অব্যাহত রাখারসহ টীকা প্রদানের জন্য রেজিষ্ট্রেশন করার উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কিশোরগঞ্জ,<br>২। সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর জন্য এডিপি'র ২০২১-২২ অর্থ বছরে ১ম কিস্তিতে ২৪,২২,০০০/-(চব্বিশ লক্ষ বাইশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। সভাপতি উপজেলা পরিষদে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালের সৌন্দর্য বৃদ্ধির জন্য উক্ত অর্থ হতে জরুরী ভিত্তিতে আরএফকিউ পদ্ধতিতে প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বঙ্গবন্ধুর ম্যুরালের সৌন্দর্য বৃদ্ধির জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন মোতাবেক ৪,৫৫,৬৭১/-( চার লক্ষ পঞ্চান্ন হাজার ছয়শত একাত্তর) টাকার প্রয়োজন। | সময়ের স্বল্পতার কারণে আরএফকিউ পদ্ধতিতে বঙ্গবন্ধুর ম্যুরালের সৌন্দর্য বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের ৬/এ নং বাসাটি রাজস্ব তবিলের অর্থদ্বারা প্রকল্প কমিটির মাধ্যমে মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাক্কলন ০২টি | ১। উপজেলা প্রকৌশলী, কিশোরগঞ্জ<br>২। সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদের ৬/এ বাসার ভাড়াটিয়া বাসা মেরামতের জন্য আবেদন করায় উক্ত বাসা মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক ১,৭৬,৭৪১/-( এক লক্ষ ছেয়াত্তর হাজার সাতশত বেয়াল্লিশ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অনুমোদনের দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রাণি সম্পদ উন্নয়নে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ,অফিসার, কিশোরগঞ্জ |
| ০৫ | মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, লকডাউন চলাকালীন জরুরী পোনা পরিবহন, মাছ বিক্রি, জরুরী পরামর্শ প্রদান অব্যাহত ছিল। আগামী ২৮/০৮/২০২১ তারিখ হতে ০৩/০৯/২০২১ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত হবে। উক্ত অনুষ্ঠানকে সাফল্য মন্ডিত করতে সকলের সহযোগিতা কামনা করেন। | মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপনে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা,কিশোরগঞ্জ, নীলফামারী।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | ত্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০ মেঃটন জিআর চাল বরাদ্দ পাওয়া গেছে। জিআর চাল বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সুষ্ঠুভাবে জিআর চাল বিতরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ।<br>২)সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। জিটুপি এর আওতায় সকল ভাতা ভোগীর ভাতা প্রদান কাজ সম্পন্ন করা হয়েছে। ভাতাভোগীদের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। নীলফামারী জেলা শতভাগ ভাতা প্রদানের আওতায় এসেছে। আগামীতে শতভাগ ভাতা প্রদান সম্ভব হবে। তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চান। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১ উপজেলা সমাজসেবা অফিসার<br>২। চেয়ারম্যান সকল ইউপি। |
| ০৮ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগী কাজ সুষ্ঠুভাবে চলছে। করোনা পরিস্থিতিতে বিদ্যালয় গুলো বন্ধ থাকায় গুগল মিটের মাধ্যমে পাঠদান অব্যাহত আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১)উপজেলা শিক্ষা অফিসার,কিশোরগঞ্জ নীলফামারী। |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের পক্ষে সভায় উপস্থিত ডাঃ মোঃ আব্দুল মজিদ,উপঃসহঃকমিঃ মেডিকেল অফিসার সভায় জুলাই/২১ মাসের তথ্য উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী- নাই, খাবার বড়ি আপন-৪৬৩ চক্র, সুখী-৬৬৩০ চক্র, কনডম-৫৩১৪ জন, ইমপ্লান্ট ২৭ জন, আই ইউডি-৪৮ জন, ইনজেকশন-১৫৬৭ জন, প্রসব সেবা-১৪৫ জন, সক্ষম দম্পতি-৫৩৬৫১ জন, মোট পদ্ধতি গ্রহণকারী-৪৩৮০১ জন, মোট সিএআর= ৮০.১৫%। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১০ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় মাতৃত্বকাল ভাতাভোগীর সংখ্যা-১৪৫৮ জন, ভিজিডি'র উপকার ভোগী-৩৪৪৭ জন, আত্মকর্ম সংস্থানের লক্ষে ৫৪ জনের মধ্যে ৮ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ৩টি ট্রেডে প্রশিক্ষণ অব্যাহত আছে। ০৯টি ইউনিয়নে ০৯টি কিশোর-কিশোরী ক্লাব আছে। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক যথা সময়ে কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। মহিলা বিষয়ক কর্মকর্তা,কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে।. আগামী মাস হতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ শুরু হবে। | সরকারী নীতিমালার আলোকে যুব সমাজকে দেশের উন্নয়নে শক্তিতে পরিনত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,কিশোরগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে ১ম ও ২য় পর্যায়ের যে সকল ঘর নির্মাণ করা হয়েছে, প্রতি ১০টি পরিবারের জন্য ১টি করে মোট ২৮টি অগভীর টিউবওয়েল বসানোর কাজ সম্পন্ন করা হয়েছে। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | জনস্বার্থে বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,কিশোরগঞ্জ |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় সভায় জানান যে, আবর্তক খাতে ঋণ সহায়তা ৫১.১০ লক্ষ টাকা, ঋণ আদায় ৫০.২৫ লক্ষ টাকা,পল্লী প্রগতির ঋণ ১৩.০৮ লক্ষ টাকা , আদায় ৭.২৫ লক্ষ টাকা অসচ্ছল বীর মুক্তি যোদাদ্ধাগণের মাঝে ঋণ বিতরণ ৫.২০ লক্ষ টাকা , আদায় ১.৬৯ লক্ষ টাকা। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ |
| ১৫ | বন ও পরিবেশ অধিদপ্তর | ফরেস্টার, সামাজিক বনায়ন বিভাগ(অতিঃদায়িত্ব), সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ফরেস্টার, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলায় মাধ্যমিক বিদ্যালয় ৩৩টি; ২০২১ সালে এসএসসি পরীক্ষায় ২৬৮৬ জন অংশ গ্রহণ করবে। নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে ৩৯টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। কর্মরত শিক্ষক-কর্মচারী ৬৫৯ জন তন্মধ্যে ৬৩৭ জন শিক্ষক-কর্মচারী কোভিড-১৯ টীকা গ্রহণ করেছেন। বিভাগীয় কজ সুষ্ঠুভাবে চলছে। | শিক্ষার মান উন্নয়নে সার্বিক প্রচেষ্টা অব্যাহ রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ । |
| ১৭ | তথ্য আপা | তথ্য আপা সভায় জানান যে, সরকারী নীতিমালার আলোকে তার অফিসের কার্যক্রম চলছে। কোন সমস্যা নেই। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরামর্শ দেয়া হয়। | তথ্য আপা, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১৮ | পাট অধিদপ্তর | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, কৃষক পর্যায়ে প্রণোদনার মাধ্যমে পাট চাষ কার্যক্রম চলমান আছে। | পাট জাতীয় দ্রব্য উৎপাদনের কৃষককে উদ্বুদ্ধ করণের জন্য করা হয়। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ। |
| ১৯ | রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর,রিসোস সেন্টার সভায় জানা যে, সম্প্রতি ২ ব্যাচে ৫০ জন শিক্ষককে অনলাইন প্রশিক্ষণ দেয়া হয়েছে। শিক্ষার্থীর মাঝে ওয়াকসীট বিতরণ ও জমা নেয়া হচ্ছে। গুগল মিটের মাধ্যমে শ্রেনী পাঠদান অব্যাহত আছে। | করোনাকালীন শিক্ষার্থী ধরে রাখার সকল প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর,রিসোস সেন্টার,কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ২০ | বাংলাদেশ রেশন উন্নয়ন বোর্ড | বাংলাদেশ রেশন উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভায় জানান যে, কয়েকটি রাস্তায় তুঁতগাছ লাগানো হয়েছে। তিনি এ কাজে সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জানান। | সকল প্রকার উন্নয়ন কাজে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ২১ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জরুরী প্রয়োজনে আলোচ্য মাসে উপজেলা পরিষদের বাসাবাড়ী ও অফিসসমূহে নিম্নোক্ত ব্যয় করা হয়েছে। (১)উপজেলা পরিষদে রাস্তা ও অফিসসমূহে বৈদ্যুতিক বাল্ব, অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রাংশ ক্রয় বাবদ = ২৩,৯৫০/-(তেইশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা, (২) ইন্টারনেট রিচার্জ বাবদ=৪,৩০০/-( তিন হাজার তিনশত পঞ্চাশ) টাকা, (৩) প্রিন্টারের টোনার ক্রয়= ৬,৯০০/-(ছয় হাজার নয়শত ) টাকা, ব্যয় হয়েছে। ব্যয়সমূহ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ব্যয়সমূহ যথাযথ বিবেচিত হওয়ায় সমন্বয়ের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

12.08.24

( শাহ্ মোঃ আবুল কালাম বারী)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

উপজেলা পরিষদ কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-০৫.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১- ৮৯৭(৫০), তারিখ ঃ ১২/০৮/২০২১খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪।
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা..............................................কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান,........................................(সকল) ইউ পি, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। অফিস কপি।

12.08.21
( অমিত চক্রবর্ত্তী )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।